আজকের কাগজ

তারিখ 09 MAY 1994
পৃষ্ঠা 7 কলাম 2

# আইটিডব্লু নারী শিক্ষার ক্ষেত্রে নতুন যুগের সূচনা করবে -প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া জাতির ভবিষ্যত স্থপতি হিসেবে নতুন প্রজন্মকে সঠিকভাবে গড়ে তুলতে সবাইকে সম্মিলিতভাবে দায়িত্বশীল ভূমিকা পালনের আহবান জানিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন, আমাদের ভবিষ্যত প্রজন্মের জন্যে একটি সুখী ও সমৃদ্ধশালী বাংলাদেশ গড়ে তুলতে আসুন আমরা একযোগে দায়িত্বশীল ভূমিকা পালন করি। গতকাল ধানমন্ডিতে ইনস্টিটিউট অব টেকনোলজি ফর ওমেন (আইটিডব্লু) নামে মহিলাদের জন্যে একটি নতুন প্রযুক্তি প্রতিষ্ঠান উদ্বোধনকালে তিনি এ কথা বলেন।

প্রধানমন্ত্রী খালেদা জিয়া বলেন, আমাদের সমাজে মহিলারা অবহেলিত। তারা গৃহস্থলির মধ্যেই আবদ্ধ। আর এ জন্যেই আমরা নারী শিক্ষার ওপর গুরুত্বারোপ করে উৎপাদনশীল কাজে নারীদের দক্ষতা ও সম্ভাবনাকে কাজে লাগানোর জন্যে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছি। তিনি বলেন, এই

ইনস্টিটিউট নারী শিক্ষার ক্ষেত্রে নতুন যুগের সূচনা করবে। প্রযুক্তিকে উন্নয়নের অন্যতম উপাদান বলে বর্ণনা করে প্রধানমন্ত্রী বলেন, আমাদের প্রাকৃতিক সম্পদ ও জনশক্তি রয়েছে কিন্তু প্রযুক্তির অভাবে সেই সম্পদ ও জনশক্তির সুষ্ঠু ব্যবহার সম্ভব হচ্ছে না। এই জন্যে সরকার দেশের উন্নয়নে প্রযুক্তির ওপর সবচেয়ে বেশি গুরুত্ব দিচ্ছে। প্রধানমন্ত্রী বলেন, তার সরকার দারিদ্র্য দূরীকরণ এবং দেশে বিকাশ ও বৃত্তিমূলক শিক্ষার সুযোগ সৃষ্টির জন্যে প্রযুক্তিকে একটি অন্যতম প্রধান কৌশল হিসেবে গ্রহণ করেছে।

প্রধানমন্ত্রী বলেন, এটা অস্বীকারের কোনো উপায় নেই যে, বিশ্বে প্রযুক্তির ক্ষেত্রে যে বিপ্লব ঘটে গেছে আমরা তার থেকে অনেক পিছিয়ে আছি।

সরকারের একার পক্ষে এই সমস্যা সমাধান করা সম্ভব নয়। তাই এই সমস্যা উত্তোরণে তিনি 'দেশের বিত্তশীলদের এগিয়ে আসার আহবান জানান।

আইটিডব্লু-এর চেয়ারম্যান ডঃ শাহিদা রফিক-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় অন্যান্যের মধ্যে পূর্তমন্ত্রী ব্যারিস্টার রফিকুল ইসলাম মিয়া, শিক্ষামন্ত্রী জমির উদ্দিন সরকার এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এম এ বারি বক্তব্য রাখেন।

পরে প্রধানমন্ত্রী আইটিডব্লু-এর কম্পিউটার সাইন্স-এ ডিপ্লোমাধারী ছাত্রীদের মধ্যে সার্টিফিকেট বিতরণ করেন। প্রধানমন্ত্রী তার তহবিল থেকে প্রতিষ্ঠানটির জন্যে ৫ লাখ টাকা মঞ্জুরীর কথাও ঘোষণা করেন।

আইটিডব্লু কর্তৃপক্ষ প্রধানমন্ত্রীকে জানান, এ বছর প্রতিষ্ঠান থেকে কম্পিউটার ডিপ্লোমা ডিগ্রী দেয়া হচ্ছে। আগামী শিক্ষাবর্ষ থেকে কম্পিউটার সাইন্স-এ বিএসসি (সম্মান) কোর্স খোলা হবে। খবর বাসস/ইউএনবি।